
# হালুম যাবে অনেক দূর







এই আমাদের সিসিমপুর,
হালুম যাবে অনেক দূর!
মুকুল তার সঙ্গে যায়,
যাচ্ছে কোন দূরের গাঁয়?

রিকশা চড়ে হালুম যায়,
বলতে পারো, যায় কোথায়?
রিকশা চলে ধীরে ধীরে,
হালুম তাকায় পেছন ফিরে।






যাচ্ছে এবার রেলগাড়িতে,
কোথায় যাবে কার বাড়িতে?
রেল ছুটে যায় ঝনাঝন,
থামবে পরের ইস্টিশন।




B R




ইস্টিশনের বাইরে যায়,
অনেক গাড়ি দেখতে পায়।
ভাবছে হালুম– কত্ত গাড়ি!
কোন গাড়িতে যেতে পারি?


২
৩


হালুম, মুকুল বাসে চড়ে,
যাচ্ছে কোথায় এমন করে?
সাঁ সাঁ করে বাসটা এসে,
নদীর ঘাটে থামল শেষে।







লঞ্চে উঠে যাচ্ছে তারা,
মন খুশিতে বাঁধনহারা।
লঞ্চ চলেছে নদীর বাঁকে,
হালুম দূরে তাকিয়ে থাকে।





এবার যাবে নৌকা করে,
পৌঁছে যাবে একটু পরে।
নৌকা চালাও তাড়াতাড়ি,
হালুম যাবে মামার বাড়ি।






অল্প দূরে মামার বাড়ি,
যাচ্ছে চড়ে গরুর গাড়ি।
মামার গাঁয়ে বিকালবেলা,
ঘুরে ঘুরে দেখবে মেলা।




সার্কাস

ঘুরে ঘুরে দেখছে মেলা,
বাঁদর নাচ আর সাপের খেলা।
ভাবছে হালুম প্লেনে চড়ে,
যাবে আরো অনেক দূরে।





উপরের ছবিটি রং করি।

হালুম ও মুকুল কী কী বাহনে চড়ে মামার বাড়ি গিয়েছিল?



## শিশুদের কাছে গল্পকে প্রাণবন্ত করার কিছু উপায়

- গল্পের বইটি আপনি আগেই ভালোভাবে পড়ে নিন। পড়ার সময় গল্পের মূলভাব জেনে নিন।
- গল্প বলার সময় সময় এমন জায়গায় বসুন/অবস্থান নিন যেন সকল শিশুকে দেখতে পান।
- প্রথমেই শিশুদের কিছু কৌতূহলী প্রশ্ন করে গল্প শুনতে আগ্রহী করে তুলুন। প্রয়োজনে ১/২ জন শিশুকে তাদের জানা কোনো গল্প শোনাতে বলুন।
- বইটি এমনভাবে ধরুন যাতে সব শিশু দেখতে পায়। শিশুকে প্রথমে প্রচ্ছদের ছবিটি দেখান। গল্প যিনি লিখেছেন এবং যিনি ছবি এঁকেছেন তাঁদের নাম বলুন।
- প্রচ্ছদের ছবি দেখিয়ে শিশুকে ভাবতে বলুন, গল্পের বিষয় কী হতে পারে- সে সম্পর্কে কিছু প্রশ্ন করুন। যেমন: 'ছবিতে কী দেখা যাচ্ছে?' 'কে কী করছে?' 'গল্পটির নাম কী হতে পারে?'
- গল্প পড়ে শোনানোর সময় প্রতি পৃষ্ঠার ছবি দেখান এবং ওই পৃষ্ঠায় লেখা গল্পের বিষয়বস্তুর সাথে মিলিয়ে প্রশ্ন করুন। তারপরে লেখা বাক্যগুলো পড়ে শোনান।
- প্রতি পৃষ্ঠা পড়া হলে মুক্ত প্রশ্ন জিজ্ঞেস করুন 'এরপর কী হতে পারে?' 'এখানে তুমি হলে কী করতে?' 'এখানে কে কী করছে?' 'তোমার কেমন লেগেছে?' ইত্যাদি।
- গল্প শোনানোর সময় শারীরিক ভাষা ব্যবহার করুন। বিভিন্ন চরিত্রের সাথে মিলিয়ে আপনার মুখের ভাব ও অভিব্যক্তি প্রকাশ করুন।
- গল্পের মধ্যে বিশেষ কোনো শব্দ বা শব্দ-সমষ্টি থাকলে পড়ার বা বলার সময় তার অর্থ বলে দিন। প্রয়োজনে শব্দগুলো দিয়ে নতুন বাক্যও বলুন যেন গল্পের বিষয় অনুধাবন করা সহজ হয়।
- গল্পের ভেতরে ছড়া থাকলে ছড়াটি আপনার সাথে সাথে শিশুকেও বলতে বলুন, যাতে শিশু আনন্দ পায়।
- গল্পটি পড়া শেষ হলে বিভিন্ন ছবি, শব্দ ও গল্পের বিভিন্ন চরিত্র নিয়ে আলোচনা করুন। শিশুদের ধারাবাহিকভাবে গল্প বলতে সহায়তা করুন।
- শিশুদের এমনভাবে দল গঠন করুন যেন প্রত্যেক দলে গল্পের চরিত্রের সাথে মিল করে সদস্য সংখ্যা থাকে। প্রত্যেক দলে গল্পের সাথে মিলিয়ে শিশুদের চরিত্র নির্বাচন করে দিন। কোন দল সবচেয়ে ভালো অভিনয় করতে পারে সেই মনোভাব সৃষ্টিতে সহায়তা করুন।
- প্রত্যেক দলকে অভিনয় করার জন্য সহায়তা প্রদান করুন।